# 📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৪

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২১. যেকোন বিষয়ে ফতওয়া চাওয়ামাত্রই যে ব্যক্তি লোকদেরকে ফতওয়া দিয়ে বেড়ায়- তার সম্পর্কে

باب في الذي يفتي الناس في كل ما يستفتى

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ حُمَيْدٍ، حَدَّثَنَا جَرِيرٌ، عَنْ مَنْصُورٍ، عَنْ مُسْلِمٍ الْبَطِينِ، عَنْ عَزْرَةَ التَّمِيمِيِّ، قَالَ: قَالَ عَلِيٌّ رَضِيَ اللَّهُ عَنْهُ، وَا بَرْدَهَا عَلَى الْكَبِدِ، ثَلَاثَ مَرَّاتٍ. قَالُوا: وَمَا ذَلِكَ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ؟ قَالَ: " أَنْ يُسْأَلَ الرَّجُلُ عَمَّا لَا يَعْلَمُ فَيَقُولُ: اللَّهُ أَعْلَمُ

لم يحكم عليه المحقق

বাংলা

১৮৪. আযুরাহ আত তামিমী থেকে বর্ণিত, তিনি বলেন, আলী রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, আহ! হৃদয়ে শীতলতা দানকারী কতই না উত্তম কথা- এ কথা তিনি তিনবার বলেন। তখন তারা জিজ্ঞাসা করলেন, হে আমীরুল মু'মিনীন! সেটা কোন্ কথা? তখন তিনি বলেন, কোন লোক অজানা বিষয়ে জিজ্ঞাসিত হলে তার একথা বলা, 'আল্লাহ-ই সবচেয়ে ভাল জানেন'।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: মুহাম্মদ ইবনু হামীদ যয়ীফ। (তবে শাহিদের কারণে এটিকে মুহাক্কিক্ব পূর্বে একে সহীহ বলেছেন- দেখুন, ১৮২ নং হাদীসের তাখরীজ।)

তাখরীজ: বাইহাকী, আল মাদখাল নং ৭৯৪ (অপর সনদে); ইবনু আব্দুল বার, জামি' বায়ানুল ইলম নং ১৫৬৯ শা'বী থেকে তিনি আলী রাদিয়াল্লাহু আনহু হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69495

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন